কুমিল্লা বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. **বসুন্ধরা লিমিটেড**
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

ডেবিট | ক্রেডিট

হিসাবের শিরোনাম	টাকা	হিসাবের শিরোনাম	টাকা
মজুদ পণ্য (০১.০১.১৪)	১৫,০০০	অনুমোদিত মূলধন (প্রতি	
পণ্য ক্রয়	১,২৫,০০০	শেয়ার ১০ টাকা হিসাবে)	১,০০,০০০
মজুরি ও বেতন	৭১,৩০০	তলবকৃত ও আদায়কৃত মূলধন	৮০,০০০
পণ্য ফেরত	১,০০০	পণ্য বিক্রয়	২,০০,০০০
নগদ তহবিল	১৫,৬০০	প্রদেয় হিসাব	৩০,০০০
বিমা সেলামি (১৫		৫% ঋণপত্র (০১.০১.১৪)	৫০,০০০
মাসের জন্য প্রদত্ত)	২,৫০০	সাধারণ সঞ্চিতি তহবিল	১০,০০০
মনিহারি ক্রয়	৩,০০০	অনাদায়ী পাওনা সঞ্চিতি	১,০০০
প্রাপ্য হিসাব	১৫,০০০	সংরক্ষিত আয় বিবরণী	
আয়কর	৬,০০০	উদ্বৃত্ত (০১.০১.১৪)	১৪,২৫০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	৮,১০০		
অনাদায়ী পাওনা	১,৫০০		
ঋণপত্রের সুদ	১,২৫০		
সুনাম	২০,০০০		
যন্ত্রপাতি	২০,০০০		
দালানকোঠা	৮০,০০০		
	৩,৮৫,২৫০		৩,৮৫,২৫০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫৫,০০০ টাকা। ২. প্রারম্ভিক ও সমাপনী মজুদের মধ্যে যথাক্রমে ১,২০০ ও ১,৮০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে। ৩. প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে। ৪. স্থায়ী সম্পত্তির উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৫. আদায়কৃত মূলধনের উপর ১০% হারে চূড়ান্ত লভ্যাংশ বণ্টনের ব্যবস্থা রাখতে হবে। ৬. সাধারণ সঞ্চিতি তহবিলে ৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে।

ক. চলতি বছরে ব্যবহৃত মনিহারির পরিমাণ খসড়াসহ দেখাও। ২
খ. নিট লাভ ২৩,২০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব ছক আকারে প্রদর্শন করো। ৪

২. **বেঙ্গল টেকনো লিমিটেড**
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

ডেবিট | ক্রেডিট

হিসাবের শিরোনাম	টাকা	হিসাবের শিরোনাম	টাকা
সুনাম	৪৫,০০০	আদায়কৃত মূলধন (প্রতিটি	
দালানকোঠা	২,৫০,০০০	শেয়ার ১০ টাকা দরে)	৩,২০,০০০
যন্ত্রপাতি	৮০,০০০	রক্ষিত আয় বিবরণীর	
পণ্য ক্রয়	২,২০,০০০	জের (০১.০১.১৪)	৭৪,০০০
ভাড়া খরচ	১২,৫০০	পণ্য বিক্রয়	৩,৬৫,০০০
বাট্টা	১,৫০০	বাট্টা	১,০০০
মজুরি খরচ	২৮,০০০	ব্যাংক জমাতিরিক্ত	৭,০০০
১২% বিনিয়োগ	১,০০,০০০	শেয়ার অধিহার	৭৬,০০০
নগর শুল্ক	৮,০০০	পণ্য ফেরত	৩,২০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৬২,০০০	অদাবিকৃত লভ্যাংশ	৩,০০০
শিক্ষানবিশ ভাতা	২,৫০০	সাধারণ সঞ্চিতি তহবিল	২০,০০০
বেতন খরচ	১২,০০০		
পণ্য ফেরত	২,০০০		
ক্রয় পরিবহন	৪,২০০		
আমদানি শুল্ক	১,৫০০		
প্রাপ্য হিসাব	৪০,০০০		
	৮,৬৯,২০০		৮,৬৯,২০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৭২,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। এর মধ্যে ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়। বিমা কোম্পানি ৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ২. ৩০ জুন ২০১৪ তারিখে ৫০,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করা হয়েছে যার সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। পক্ষান্তরে মজুরি ৭,০০০ টাকা এখনও বকেয়া আছে। ৩. ধারে ক্রয় ভুলবশত হিসাবভুক্ত হয়নি ১০,০০০ টাকা। ৪. সাধারণ সঞ্চিতি ও আয়কর সঞ্চিতি তহবিলে যথাক্রমে ২০,০০০ ও ২৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে। ৫. সুনামের সম্পূর্ণ অংশ শেয়ার অধিহার দ্বারা অবলোপিত হবে। ৬. মূলধনের উপর ১০% চূড়ান্ত লভ্যাংশ প্রদানের ব্যবস্থা রাখতে হবে। ৭. দালানকোঠার উপর ৫% এবং যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য কর।

ক. যন্ত্রপাতি ও দালানকোঠার উপর মোট ধার্যকৃত অবচয় খসড়াসহ দেখাও। ২
খ. কোম্পানির মোট লাভের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ৬২,৭৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী মূলধন ও দায় পার্শ্বে প্রদর্শন করো। ৪

খ বিভাগ

৩. **স্টেশন ক্লাব, দিনাজপুর**
প্রাপ্তি ও প্রদান হিসাব
২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
নগদ উদ্বৃত্ত	১২,০০০	বেতন খরচ	১২,০০০
চাঁদা	৪০,০০০	ভাড়া খরচ	২৪,০০০
উইলকৃত ধনদৌলত	২০,০০০	ম্যাগাজিনে ছাপানো ব্যয়	৩,০০০
অনুদান	৪,০০০	প্রাঙ্গন রক্ষকের মজুরি	২,৩০০
ম্যাগাজিনে বিজ্ঞাপন বাবদ আয়	২,০০০	বই ক্রয় (০১.০৯.১৪)	১৮,০০০
বৃত্তি তহবিল (বিশেষ)	৫,০০০	বৃত্তি প্রদান	৪,০০০
আজীবন সভ্যের চাঁদা	২,০০০	ঘাসকাটা যন্ত্র ক্রয়	৫,০০০
পুরাতন আসবাবপত্র বিক্রয়		আসবাবপত্র ক্রয়	১৮,০০০
(০১.০১.১৪ তারিখে ক্রয়মূল্য		নগদ উদ্বৃত্ত	৩,৭০০
ছিল ৬,০০০ টাকা)	৫,০০০		
	৯০,০০০		৯০,০০০

১ জানুয়ারি ২০১৪ তারিখে ক্লাবের সম্পদসমূহ যথাক্রমে ঃ আসবাবপত্র ২৫,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৪০,০০০ টাকা এবং লাইব্রেরির বইপত্র ৪৮,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি: ১. প্রাপ্ত চাঁদার অন্তর্ভুক্ত ১,৫০০ টাকা বিগত বছরের বকেয়া ছিল। ২. উইলকৃত ধন-দৌলতের ১/৪ অংশ মুনাফা জাতীয় প্রাপ্তি হিসেবে গণ্য করত হবে। ৩. আসবাবপত্র ও বইপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. মূলধন জাতীয় আয়ের দফাসমূহ টাকা পরিমাণসহ লিখ। ২
খ. আসবাবপত্র ও বইপত্রের উপর ধার্যকৃত অবচয়ের পরিমাণ খসড়াসহ দেখাও। ৪
গ. ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

৪. অরুণ, বরুণ ও তরুণ তিনজন অংশীদার। ২০১৪ সালের জানুয়ারি মাসের প্রথমে তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে তরুণের ১,০০,০০০; ৮০,০০০ ও ৬০,০০০ টাকা এবং তরুণের ঋণ হিসাবের উদ্বৃত্ত ছিল ২০,০০০ টাকা। তারা ৫ : ৩ : ২ অনুপাতে কারবারের লাভ-ক্ষতি বণ্টন করে। অরুণ কারবার হতে প্রতি মাসের প্রথমে ৬০০ টাকা, বরুণ প্রতি মাসে ৭০০ টাকা এবং তরুণ প্রতি মাসের শেষে ৭০০ টাকা করে উত্তোলন করেছিল। নগদ উত্তোলন ছাড়াও বরুন কারবার হতে ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেছিল। ব্যবসায়িক প্রয়োজনে তরুণ বছরের মাঝামাঝি সময়ে আরও ১০,০০০ টাকা ঋণ হিসাবে প্রদান করে। অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের উপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। সে বছর কর্মচারীদের বেতন বাবদ ১২,০০০ টাকা এবং অফিসের ঘর ভাড়া বাবদ ২০,০০০ টাকা প্রদান করেই কারবারের নিট লাভ অর্জিত হয়েছিল ৭২,০০০ টাকা।

ক. কর্মচারীদের বকেয়া বেতন ও অফিস ভাড়ার জাবেদা লিখ। ২

খ. অংশীদারদের মোট উত্তোলন এবং উত্তোলনের উপর ধার্যকৃত সুদের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. তরুণের ঋণ হিসাব প্রস্তুত করো। ৪

৫. হিমাদ্রী লিমিটেড
তুলনামূলক আয় বিবরণী

মূলধন ও দায়	টাকা		সম্পদ ও পরিসম্পদ	টাকা	
	২০১৪	২০১৩		২০১৪	২০১৩
প্রদেয় আয়কর	৫,০০০	৮,০০০	নগদ তহবিল	২৯,০০০	১৫,০০০
প্রদেয় হিসাব	৩১,০০০	২৫,০০০	প্রাপ্য হিসাব	৩১,০০০	১৪,০০০
অবচয় সঞ্চিতি	২১,০০০	২৫,০০০	মজুদ পণ্য	২৫,০০০	৩৪,০০০
ঋণপত্র	২৮,০০০	৩৫,০০০	কলকব্জা	৮০,০০০	৯৮,০০০
শেয়ার মূলধন	৪৪,০০০	৩৮,০০০			
সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত	৩৬,০০০	৩০,০০০			
	১,৬৫,০০০	১,৬১,০০০		১,৬৫,০০০	১,৬১,০০০

অন্যান্য তথ্যাবলি: ১. কোম্পানির পরিশোধিত নগদ লভ্যাংশের পরিমাণ ৮,০০০ টাকা। ২. কলকব্জার যন্ত্রাংশ ৬,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে যার ক্রয়মূল্য ছিল ১৮,০০০ টাকা এবং পুস্তক মূল্য ১১,০০০ টাকা।

ক. ২০১৪ সালের চলতি সম্পদ ও চলতি দায়সমূহ পৃথকভাবে দেখাও। ২

খ. চলতি বছরে মোট ধার্যকৃত অবচয় নির্ণয়ের উদ্দেশ্যে অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

গ. পরিচালনা কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ১৭,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

৬. ডেল্টা ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা, যা প্রতিটি ২০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) বাজারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদন সম্পূর্ণই প্রত্যাখ্যান করা হয়।

ক. বাজারে ইস্যুকৃত ও প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা কত? ২

খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা লিখন দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৭. মোঃ আবু সায়েম ব্রিক ফিল্ডের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচে প্রদান করা হলো:

বিবরণ	টাকা
কাঁচামাল ক্রয়	১০,০০,০০০
প্রত্যক্ষ মজুরি	৪,০০,০০০
কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৮০%, প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ১৫%	১,৪০,০০০
বিক্রয় ও বিতরণ উপরিব্যয় বিক্রয়ের ৫%, তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (৫,০০০ একক)	
তৈরি পণ্যের সমাপনী মজুদ (১০,০০০ একক)	?
বিক্রয় ৭৫,০০০ একক	২৫,০০,০০০

ক. উৎপাদিত এককের পরিমাণ কত? ২

খ. তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য প্রদর্শন করো। ৪

গ. প্রতিষ্ঠানের অর্জিত নিট মুনাফা নির্ণয় করো। ৪

৮. ইউনিকর্ন ফার্মাসিউটিক্যালস লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী
৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

মূলধন ও দায়	টাকা	সম্পদসমূহ	টাকা
সাধারণ শেয়ার মূলধন	২,১০,০০০	কলকব্জা	১,৪০,০০০
সাধারণ সঞ্চিতি তহবিল	৩০,০০০	দালানকোঠা	১,৫০,০০০
১০% বন্ড	১,০০,০০০	মজুদ পণ্য	৩০,০০০
রক্ষিত আয় উদ্বৃত্ত	২০,০০০	আসবাবপত্র	২০,০০০
প্রদেয় হিসাব	৩০,০০০	প্রাপ্য নোট	১০,০০০
প্রদেয় নোট	১০,০০০	প্রাপ্য হিসাব	৪০,০০০
		নগদ উদ্বৃত্ত	১০,০০০
	৪,০০,০০০		৪,০০,০০০

অন্যান্য তথ্যাবলি: ২০১৪ সালের কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৮,০০,০০০ টাকা যার ২৫% বাকিতে। সে বছর কোম্পানির অর্জিত করবাদ নিট লাভের পরিমাণ ২,০০,০০০ টাকা।

ক. ধারে বিক্রয়ের পরিমাণ কত টাকা? ২

খ. চলতি অনুপাত ও তড়িৎ অনুপাত নির্ণয় করো এবং ফলাফলের উপর মন্তব্য করো। ৪

গ. মূলধন গিয়ারিং অনুপাত ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো এবং ফলাফলের উপর মন্তব্য করো। ৪

৯. মেসার্স বোরহান-এর কাঁচামাল সংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া যায় :

২০১৪ইং

নভে. ১ প্রারম্ভিক মজুদ ২৫০ কেজি টাকা ১৫।
" ৮ কাঁচামাল ক্রয় ৩০০ কেজি টাকা ১৮
" ১২ কারখানার ইস্যু ৩৪০ কেজি।
" ১৫ সরবরাহকারীর নিকট ফেরত ৩০ কেজি (৮ তারিখে ক্রীত পণ্য)
" ১৮ গুদামে ফেরত ২০ কেজি (১২ তারিখে ইস্যুকৃত)
" ২৪ কারখানায় ইস্যু ১৮০ কেজি।
" ৩০ গুদামে সমাপনী মজুদ ২৫০ কেজি।

ক. বিনষ্ট পণ্যের পরিমাণ কত? ২

খ. 'পরের মাল আগে ছাড়া' পদ্ধতিতে ১৫ ও ১৮ তারিখে ফেরত পণ্যের মূল্য কত টাকা। ৪

গ. 'আগের মাল আগে ছাড়া' পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. মনিহারি খরচের পরিমাণ ২,৪০০ টাকা। খ. সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ১০,৩৫০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল (মোট সম্পদ) ১,৯৫,৩৫০ টাকা।

২. **উত্তর :** ক. যন্ত্রপাতির অবচয় ৫,৭৫০ টাকা এবং দালানকোঠার অবচয় ১২,৫০০ টাকা। খ. মোট লাভ ১,০২,৫০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৩৭,৭৫০ টাকা।

৩. **উত্তর :** ক. মূলধন জাতীয় আয় ২৬,০০০ টাকা। খ. আসবাবপত্রের অবচয় ৩,৭০০ টাকা এবং বইপত্রের অবচয় ৫,৪০০ টাকা। গ. প্রারম্ভিক মূলধন তহবিল ১,২৬,৫০০ টাকা।

৪. **উত্তর :** ক. জাবেদার যোগফল ৩২,০০০ টাকা। খ. অংশীদারদের মোট উত্তোলন ২৭,০০০ টাকা এবং মোট উত্তোলনের সুদ ৫৭৮ টাকা। গ. ঋণ হিসাবের সমাপনী উদ্বৃত্ত ১০,৩০০ টাকা।

৫. **উত্তর :** ক. ২০১৪ সালের চলতি সম্পদ ৮৫,০০০ টাকা এবং চলতি দায় ৩৬,০০০ টাকা। খ. অবচয় খরচ ৩,০০০ টাকা। গ. নিট নগদ বৃদ্ধি ১৪,০০০ টাকা।

৬. **উত্তর :** ক. উত্তর : ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,০০০ এবং প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা ৮৮,০০০। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৬,০০,০০০ টাকা।

৭. **উত্তর :** ক. উৎপাদিত একক ৮০,০০০। খ. সমাপনী মজুদের মূল্য ২,১৫,০০০ টাকা। গ. মুনাফা ৪,৭২,০০০ টাকা।

৮. **উত্তর :** ক. ধারে বিক্রয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা। খ. চলতি অনুপাত ২.২৫ : ১ এবং তড়িৎ অনুপাত ১.৫০ : ১। গ. মূলধন গিয়ারিং অনুপাত ০.৩৮ : ১ এবং দেনাদার আবর্তন অনুপাত ৪ বার।

৯. **উত্তর :** ক. বিনষ্ট পণ্যের পরিমাণ ২৩০ একক। খ. ফেরত মালের মূল্য ৯০০ টাকা। গ. সমাপনী মজুদ ২৫০ একক মূল্য ৪,৫০০ টাকা।

কুমিল্লা বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান— ৪০ বিষয় কোড : | ২ | ৫ | ৪ |

১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের প্রধান উৎস কি?
(ক) বিক্রয় আয় (খ) সদস্য চাঁদা
(গ) সেবা আয় (ঘ) সুদ আয়

২. চুক্তির অবর্তমানে অংশীদার নিচের কোনটি দাবী করতে পারে?
(ক) বেতন (খ) মূলধনের সুদ
(গ) ঋণের সুদ (ঘ) কমিশন

৩. প্রতিষ্ঠানের মূলধন কাঠামোতে পরিবর্তন আনয়নকারী লেনদেনসমূহ নগদ প্রবাহের কোন কার্যক্রমের অন্তর্ভুক্ত?
(ক) গুরুত্বপূর্ণ অনগদ কার্যক্রম
(খ) পরিচালন কার্যক্রম
(গ) বিনিয়োগ কার্যক্রম (ঘ) অর্থায়ন কার্যক্রম

৪. প্রাপ্য হিসাব থেকে অর্থ প্রাপ্তির সময় বিক্রেতা কিছু টাকা ছাড় দিলে তাকে কি বলা হয়?
(ক) ক্রয় বাট্টা (খ) বিক্রয় বাট্টা
(গ) নগদ বাট্টা (ঘ) পরিমাণ বাট্টা

৫. কোনটি কারখানা উপরিব্যয়ের উপাদান?
(ক) প্রত্যক্ষ কাঁচামাল (খ) কারখানা মজুরি
(গ) পরোক্ষ মজুরি (ঘ) অফিস কর্মচারীর বেতন

৬. অন্তঃদায় কোনটি?
(ক) ঋণপত্র (খ) সঞ্চিতি তহবিল
(গ) প্রদেয় হিসাব (ঘ) ব্যাংকে জমাতিরিক্ত

৭. পরিচালন ব্যয় কী?
(ক) সকল প্রকার প্রত্যক্ষ ব্যয়
(খ) সকল প্রকার পরোক্ষ ব্যয়
(গ) তহবিল সংগ্রহের ব্যয়
(ঘ) পণ্য উৎপাদন সংক্রান্ত যাবতীয় ব্যয়

৮. অস্থিতিশীল ও বাজারমূল্য ঊর্ধ্বগামী হলে নির্গত মালের মূল্যায়নে কোন পদ্ধতি সুবিধাজনক?
(ক) FIFO পদ্ধতি (খ) LIFO পদ্ধতি
(গ) ভারযুক্ত গড় পদ্ধতি (ঘ) সাধারণ গড় পদ্ধতি

৯. প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য বেশি দেখানোর প্রভাব হল—
i. বিক্রিত পণ্যের ব্যয় বেশি হবে
ii. নিট মুনাফা কম হবে
iii. চলতি দায়ের পরিমাণ বেশি হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. প্রত্যক্ষ মজুরি ও উৎপাদন উপরিব্যয়কে একত্রে কী বলে?
(ক) রূপান্তর ব্যয় (খ) কারখানা ব্যয়
(গ) মুখ্য ব্যয় (ঘ) উৎপাদন ব্যয়

১১. সময়ের সাথে সম্পর্কিত ব্যয়কে কী বলে?
(ক) পরোক্ষ ব্যয় (খ) সুযোগ ব্যয়
(গ) উপরিব্যয় (ঘ) কালীন ব্যয়

১২. কার্যের পরিবর্তনের সাথে সাথে যে বাজেট পরিবর্তন করা হয় তাকে কি বলে?
(ক) নমনীয় বাজেট (খ) স্থায়ী বাজেট
(গ) শূন্যভিত্তিক বাজেট (ঘ) চলতি বাজেট

১৩. একটি কোম্পানির বিক্রয় ১৪,০০,০০০ টাকা, অনুদান প্রান্ত অনুপাত ২০% এবং স্থায়ী ব্যয় ১,৮০,০০০ টাকা হলে মুনাফা কত টাকা?
(ক) ১,০০,০০০ টাকা (খ) ২,৮০,০০০ টাকা
(গ) ৯,৪০,০০০ টাকা (ঘ) ১১,২০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৪-১৫ নং প্রশ্নের উত্তর দাও।
মুনা ও বর্ণা একটি ব্যবসায়ের অংশীদার। তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ১,৫০,০০০ টাকা ও ১,৬০,০০০ টাকা, যার উপর ১০% সুদ ধার্য করতে হবে। মুনা ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেনি এবং পরবর্তীতে মৃত্যুবরণ করে।

১৪. মুনা কি ধরনের অংশীদার ছিল?
(ক) সাধারণ (খ) সীমিত
(গ) নিষ্ক্রিয় (ঘ) প্রতিবন্ধ

১৫. মুনার মৃত্যুতে বর্ণা কী পদক্ষেপ গ্রহণে বাধ্য?
(ক) নতুন অংশীদার গ্রহণ (খ) বিলোপসাধন
(গ) ব্যবসায় পরিচালনা (ঘ) কোম্পানিতে রূপান্তর

১৬. কোনটিকে কোম্পানির সংবিধান বলা হয়?
(ক) সংঘ-স্মারক (খ) পরিমেল নিয়মাবলি
(গ) কার্যারম্ভের অনুমতিপত্র (ঘ) বিবরণপত্র

১৭. প্রচুর মুনাফা সত্ত্বেও নগদ ঘাটতির কারণ হল—
i. ধারে বিক্রয় বেশি ii. প্রদেয় হিসাবের পরিমাণ বৃদ্ধি
iii. মজুদ পণ্যের পরিমাণ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. প্রতি মাসের শেষে ৩,০০০ টাকা করে সারা বছর উত্তোলন করলে ১০% হারে উত্তোলনের সুদ কত হবে?
(ক) ৩০০ টাকা (খ) ১,৬৫০ টাকা
(গ) ১,৮০০ টাকা (ঘ) ৩,৬০০ টাকা

১৯. অনুদান প্রান্তের মান শূন্য হলে বিক্রয়ের মাধ্যমে কোন খরচ উদ্ধার হবে?
(ক) স্থায়ী খরচ (খ) আধা-পরিবর্তনশীল খরচ
(গ) পরিবর্তনশীল খরচ (ঘ) মোট খরচ

২০. স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্যের ফলে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়ে?
(ক) ব্যয় বৃদ্ধি ও দায় বৃদ্ধি (খ) ব্যয় বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস
(গ) ব্যয় বৃদ্ধি ও সম্পত্তি বৃদ্ধি (ঘ) আয় বৃদ্ধি ও দায় বৃদ্ধি

২১. মোট লাভ ১,৫০,০০০ টাকা, নিট লাভ ৮০,০০০ টাকা এবং বিপণন ব্যয় ৩০,০০০ টাকা হলে প্রশাসনিক ব্যয়ের পরিমাণ কত?
(ক) ৪০,০০০ টাকা (খ) ৫০,০০০ টাকা
(গ) ৭০,০০০ টাকা (ঘ) ১,২০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২২-২৩ নং প্রশ্নের উত্তর দাও।
একটি পোশাক তৈরির কারখানায় ২০১৪ সালে ১,০০,০০০ পিস শার্ট উৎপাদিত হয় এবং মোট উৎপাদন ব্যয় হয় ১,০০,০০,০০০ টাকা; যার ৪০% শ্রম ব্যয়, ৪০% ব্যবহৃত কাপড়ের ব্যয় এবং ২০% উৎপাদন উপরিব্যয়।

২২. মুখ্য ব্যয়ের পরিমাণ কত?
(ক) ২০,০০,০০০ টাকা (খ) ৪০,০০,০০০ টাকা
(গ) ৬০,০০,০০০ টাকা (ঘ) ৮০,০০,০০০ টাকা

২৩. ২০,০০,০০০ টাকা বাণিজ্যিক খরচ হলে এবং বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য কত হবে?
(ক) ১০০ টাকা (খ) ১২০ টাকা
(গ) ১৩০ টাকা (ঘ) ১৫০ টাকা

২৪. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের বিশেষ তহবিল নয়?
(ক) বৃত্তি তহবিল (খ) টুর্নামেন্ট তহবিল
(গ) সাধারণ সঞ্চিতি তহবিল (ঘ) ত্রাণ তহবিল

২৫. চলতি দায় হলেও মালিকানাস্বত্বের অন্তর্ভুক্ত করা হয় কোনটি?
(ক) আয়কর সঞ্চিতি (খ) অগ্রিম প্রাপ্তিসমূহ
(গ) অদাবীকৃত লভ্যাংশ (ঘ) কল্যাণ তহবিল

২৬. ব্যবসায়ের নিরাপত্তা প্রান্ত বাড়ানো যাবে—
i. পণ্যের বিক্রয়মূল্য বৃদ্ধি করে
ii. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করে
iii. মোট ব্যয় হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. কোনটি নিয়ন্ত্রণযোগ্য ব্যয়?
(ক) অফিস ভাড়া (খ) কর্মকর্তার বেতন
(গ) কারখানা ভাড়া (ঘ) প্রত্যক্ষ কাঁচামাল

উদ্দীপকটি পড়ো এবং ২৮-২৯ নং প্রশ্নের উত্তর দাও।

বনলতা ক্লাব, উদ্বর্তপত্র
১ জানুয়ারি, ২০১৪

বিবরণ	টাকা	টাকা
প্রারম্ভিক সম্পত্তিসমূহ :		
নগদ তহবিল	২,০০০	
আসবাবপত্র	৬,০০০	
বকেয়া চাঁদা	১,৫০০	
খাদ্য সামগ্রী	?	
মোট সম্পদ		১১,৮৫০
প্রারম্ভিক দায়সমূহ:		
বকেয়া বেতন		?
প্রারম্ভিক মূলধন তহবিল		৮,৮৫০
মোট দায়		?

২৮. প্রারম্ভিক খাদ্য সামগ্রীর পরিমাণ কত?
(ক) ২,৩৫০ টাকা (খ) ৩,০০০ টাকা
(গ) ৯,৫০০ টাকা (ঘ) ২১,৩৫০ টাকা

২৯. বছরের শুরুতে বকেয়া বেতনের পরিমাণ কত?
(ক) ৬৫০টাকা (খ) ২,৩৫০ টাকা
(গ) ৩,০০০টাকা (ঘ) ২০,৭০০ টাকা

৩০. নিয়োগকর্তা কর্মীদের পক্ষে যে সকল ব্যয় বহন করেন তার মূল্যকে কী বলে?
(ক) আর্থিক সুবিধা (খ) পরিপূরক সুবিধা
(গ) বোনাস (ঘ) আনুতোষিক

৩১. কোনটি বিনিয়োগ কার্যাবলি সম্পর্কিত নগদ প্রবাহের উদাহরণ?
(ক) ইস্যুকৃত বণ্ড হতে নগদ প্রাপ্তি
(খ) লভ্যাংশ প্রদান
(গ) আসবাবপত্র বিক্রয়জনিত নগদ প্রাপ্তি
(ঘ) সরবরাহকারীদের নগদ প্রদান

৩২. প্রত্যক্ষ মাল ৩০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৮,০০০ টাকা, অফিস উপরিব্যয় ১২,০০০ টাকা, রূপান্তর ব্যয় ৫২,০০০ টাকা এবং বিক্রয় উপরিব্যয় ৬,০০০ টাকা হলে কালীন ব্যয় কত?
(ক) ১৮,০০০ টাকা (খ) ৩৬,০০০ টাকা
(গ) ৪৮,০০০ টাকা (ঘ) ৫৮,০০০ টাকা

৩৩. জনাব মফিজ ১০০ টাকা মূল্যের প্রতিটি শেয়ার ১২০ টাকা দরে ২৫০টি শেয়ার ক্রয় করে। তার দায় কত টাকা পর্যন্ত সীমাবদ্ধ?
(ক) ৫,০০০টাকা (খ) ২৫,০০০টাকা
(গ) ৩০,০০০ টাকা (ঘ) ৫৫,০০০ টাকা

৩৪. ১৪ জুলাই, ২০১৪ তারিখে ধারে বিক্রয় ৭৫০ টাকা, শর্ত ২/১০, নিট ৩০। ১৬ জুলাই তারিখে ৫০ টাকার পণ্য ফেরত আসলে ২৩ জুলাই, ২০১৪ তারিখে প্রাপ্য হিসাব হতে কত টাকা পাওয়া যাবে?
(ক) ৬৮৫ টাকা (খ) ৬৮৬ টাকা
(গ) ৭০০ টাকা (ঘ) ৭৩৫ টাকা

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।

বিবরণ	X কোম্পানি	Y কোম্পানি
মোট মুনাফা অনুপাত	২৫%	২২%
নিট মুনাফা অনুপাত	১২%	১৫%
বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত	১৪%	১৭%
তরল অনুপাত	২.২৫ : ১	১.৫ : ১
নিট বিক্রয়	২০,০০,০০০ টাকা	২৪,০০,০০০ টাকা

৩৫. X কোম্পানির মোট মুনাফার পরিমাণ কত?
(ক) ২,৪০,০০০ টাকা (খ) ২,৮০,০০০ টাকা
(গ) ৫,০০,০০০ টাকা (ঘ) ৭,৪০,০০০ টাকা

৩৬. কোন কোম্পানিতে বিনিয়োগ অধিক লাভজনক?
(ক) X কোম্পানি, কারণ মোট মুনাফা অনুপাত বেশি
(খ) Y কোম্পানি, কারণ নিট মুনাফা অনুপাত বেশি
(গ) Y কোম্পানি, কারন বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত বেশি
(ঘ) X কোম্পানি, কারণ তারল্য অনুপাত বেশি

৩৭. বিক্রিত পণ্যের ব্যয় প্রতিবার বিক্রয়ের সাথে হিসাবভুক্ত করা হয় কোন পদ্ধতিতে?
(ক) কালানুক্রমিক মজুদ পদ্ধতি (খ) অবিরত মজুদ পদ্ধতি
(গ) সরল গড় পদ্ধতি (ঘ) ভারযুক্ত গড় পদ্ধতি

৩৮. কাদের কোং-এর ৩১-১২-২০১৪ তারিখে প্রাপ্য হিসাব ৩৭,০০০ টাকা; ৩১-১২-২০১৩ তারিখে প্রাপ্য হিসাব ছিল ৩০,০০০ টাকা। ২০১৪ সালে ধারে বিক্রয়ের পরিমাণ ৬০,০০০ টাকা হলে নগদ আদায়ের পরিমাণ কত?
(ক) ৭,৫০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ৫৩,০০০ টাকা (ঘ) ৬৭,৫০০ টাকা

৩৯. অধিহারে শেয়ার ইস্যু করার ফলে—
i. মূলধনী আয় বাড়বে ii. মুনাফাজাতীয় আয় বাড়বে
iii. মালিকানাস্বত্ব বাড়াবে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪০. কারবারের প্রধান রাজস্ব আয় সংক্রান্ত কার্যাবলিকে কী বলে?
(ক) পরিচালন সংক্রান্ত কার্যাবলি
(খ) বিনিয়োগ সংক্রান্ত কার্যাবলি
(গ) অর্থসংস্থান সংক্রান্ত কার্যাবলি
(ঘ) আয়-ব্যয় কার্যাবলি

১	খ	২	গ	৩	ঘ	৪	গ	৫	গ	৬	ঘ	৭	ঘ	৮	খ	৯	ক	১০	ক
১১	ঘ	১২	ক	১৩	ক	১৪	গ	১৫	খ	১৬	ক	১৭	খ	১৮	খ	১৯	গ	২০	খ
২১	ক	২২	খ	২৩	ঘ	২৪	খ	২৫	গ	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	গ	৩০	খ
৩১	গ	৩২	ক	৩৩	খ	৩৪	খ	৩৫	গ	৩৬	গ	৩৭	খ	৩৮	গ	৩৯	গ	৪০	ক